গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নম্বর: ৫২.০১.০০০০.০০০.১০১.২৩.০০০২.২৬. ৪৩০০

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ / ০২ নভেম্বর ২০২৬

বিষয়: 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৬' উদ্‌যাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৬' আগামী ০৮ নভেম্বর ২০২৬ তারিখে যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের কার্যক্রমসমূহ নিম্নোক্তভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন:

(ক) 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৬' যথাযথভাবে উদ্‌যাপনের নিমিত্ত **"নির্ভরযোগ্য ও সহজলভ্য পরিসংখ্যান - টেকসই উন্নয়ন ও পরিকল্পনার ভিত্তি"** প্রতিপাদ্যটি অনুমোদিত হয়েছে। সে প্রেক্ষিতে আগামী ০৮ নভেম্বর ২০২৬ তারিখে 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৬' যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের বিভাগীয় পর্যায়ে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয়ের সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা পরিসংখ্যান কার্যালয় এবং মেট্রো থানা পরিসংখ্যান কার্যালয়সমূহকে একত্রে স্থানীয় বিভাগীয় ও জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবস পালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(খ) জেলা পর্যায়ে জেলা পরিসংখ্যান কার্যালয় এবং জেলার সংশ্লিষ্ট সকল উপজেলা পরিসংখ্যান কার্যালয় একত্রে স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবস পালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(গ) বিভাগীয় ও জেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে বিভাগীয় ও জেলা পর্যায়ের সকল (বিভাগীয় ও জেলা) কর্মকর্তাদের সমন্বয়ে একটি আলোচনা সভা আয়োজন করবেন।

০২। বর্ণিতাবস্থায়, 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৬' আগামী ০৮ নভেম্বর ২০২৬ তারিখে উদ্‌যাপনের নিমিত্ত যথাযথ প্রস্তুতি সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/১১/২৬

মুহাম্মদ আতিকুল কবীর
পরিচালক
ফোন: ০২-৫৫০০৭১৭২
ই-মেইল: dir_fa&mis@bbs.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) বিভাগীয় কমিশনার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়.....।
(০২) জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়.....।
(০৩) পরিচালক (সকল) ..... উইং, বিবিএস, ঢাকা।
(০৪) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৫) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল).....(অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
(০৬) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল), বিভাগীয় হিসাব নিরীক্ষকের কার্যালয়, ...।
(০৭) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল) ..... ।
(০৮) ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সকল জেলা।
(০৯) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১০) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১১) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১২) অফিস কপি।